

# **া** সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ২৪৪৬

৪৬/ অত্যাচার, কিসাস ও লুর্গুন (کتاب المظالم)

পরিচ্ছেদঃ ৪৬/৫. অত্যাচারিতকে সাহায্য করা।

بَاب نَصْرِ الْمَظْلُوم

## আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْعَلاَءِ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ عَنْ بُرَيْدِ عَنْ أَبِي بُرْدَةَ عَنْ أَبِي مُوسَى عَنْ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ الْمُؤْمِنُ لِلْمُؤْمِنِ كَالْبُنْيَانِ يَشُدُّ بَعْضُهُ بَعْضًا وَشَبَّكَ بَيْنَ أَصَابِعِهِ

#### বাংলা

২৪৪৬. আবৃ মূসা (রাঃ) হতে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, এক মু'মিন আর এক মু'মিনের জন্য ইমারত তুল্য, যার এক অংশ আর এক অংশকে সুদৃঢ় করে। আর তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর এক হাতের আঙ্গুল আর এক হাতের আঙ্গুলে প্রবেশ করিয়ে দেখালেন। (৪৮১) (আধুনিক প্রকাশনীঃ ২২৬৭, ইসলামিক ফাউন্ডেশনঃ ২২৮৪)

# **English**

### Narrated Abu Musa:

The Prophet (ﷺ) said, "A believer to another believer is like a building whose different parts enforce each other." The Prophet (ﷺ) then clasped his hands with the fingers interlaced (while saying that).

## হাদিসের শিক্ষা

- \* এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:
- ১। এই হাদীসটি মহাহাদীস, এই হাদীসটি মুসলমানদেরকে ভাই ভাই হয়ে, নিজেদের মধ্যে পরস্পর সহানুভূতিশীল হয়ে, ভালোবাসা ও প্রেম-প্রীতির সহিত সমব্যথী হয়ে জীবন্যাপন করার প্রতি উৎসাহ প্রদান করে।



সুতরাং তাদের মধ্যে থেকে প্রতিটি ব্যক্তি নিজের জন্য যে জিনিসটি পছন্দ করবে, তার অন্য ভাই এর জন্য সেই জিনিসটিই পছন্দ করবে। আল্লাহর নাবী [সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] এই ভাবেই মুসলমানদের বিবরণ পেশ করেছেন।

২। এই হাদীসটির দ্বারা এই বিষয়টি সাব্যস্ত হয়ে যায় যে, মুসলমানরা যেন একে অপরকে অনুগ্রহ করে এবং তারা সবাই যেন মিলিত হয়ে, ঐক্য বজায় রেখে বা ঐক্যবদ্ধ হয়ে জীবনযাপন করে, একটি অট্টালিকার ন্যায়, যার একটি অংশ অন্য অংশটিকে মজবুত করে ধরে রাখে।

৩। এই হাদীসটি মুসলমানদেরকে উপদেশ প্রদান করে যে, তারা সবাই যেন নিজেদের মধ্যে একতা ও সহযোগিতা, ইসলাম ধর্মের কাজে সাহায্য, পবিত্র কুরআনের আলোকে ঐক্যের প্রতীক মজবুত করে রাখে। এবং তারা যেন নিজেদের মধ্যে দ্বন্দ্ব সৃষ্টি করে ছত্রভঙ্গ না হয়ে যায়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ মূসা আল- আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন